



BKMEA
Bangladesh Knitwear Manufacturers & Exporters Association

বিকেএমইএঃ ৫০০/কমপ্লায়েন্স/বেতন-ভাতাদি পরিশোধ/২০২৬/০০৫১
০৭, মার্চ ২০২৬

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর এর পূর্বে শ্রমিকদের বেতন-ভাতাসহ অন্যান্য সকল পাওনাদি প্রদান ও ছুটি প্রদানের নির্দেশনাটি অবহিতকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, প্রত্যেক বছর ঈদের প্রাক্কালে পোশাক শিল্প কারখানায় বিচ্ছিন্নভাবে কিছু অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটে থাকে, আর সেগুলি নিরসনের জন্য বিকেএমইএ প্রশাসনের সকল স্তরের সহযোগিতা নিয়ে অব্যাহতভাবে কাজ করে যাচ্ছে। ফলশ্রুতিতে গত পবিত্র ঈদগুলোতে কোন অনভিপ্রেত ঘটনা ঘটেনি যা সরকারী বিভিন্ন মহলে প্রশংসিত হয়েছে এবং তা সম্ভব হয়েছে আপনাদের সময়োপযোগী তৎপরতায়। এবারও আপনাদের সহযোগিতায় সব ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা এড়ানো সম্ভব হবে বলে বিকেএমইএ বিশ্বাস করে। ইতোমধ্যে আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর এর পূর্বে শ্রমিকদের বেতন-ভাতাসহ অন্যান্য সকল পাওনাদি প্রদানের বিষয়ে শ্রম মন্ত্রণালয় সকল স্টেকহোল্ডারদের নিয়ে সভা করছে এবং বেতন-ভাতাসহ অন্যান্য সকল পাওনাদি আইন মোতাবেক ঈদের ছুটির পূর্বে প্রদানের নির্দেশনা প্রদান করছেন। এমতাবস্থায় বিকেএমইএ সকল সদস্য প্রতিষ্ঠানসমূহকে বিকেএমইএ'র পক্ষ থেকে নিম্নলিখিত সুপারিশসমূহ আবশ্যিকভাবে প্রতিপালনের অনুরোধ জানানো যাচ্ছেঃ

- ১) আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর এর ছুটির পূর্বে শ্রমিকদের বেতন-ভাতাসহ অন্যান্য সকল পাওনাদি অবশ্যই পরিশোধ করতে হবে। অন্যথায় সরকার কিংবা সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক কোন ধরনের আইনগত পদক্ষেপ গ্রহণ করা হলে বিকেএমইএ'র কিছুই করার থাকবে না।
- ২) বেতন ও উৎসব ভাতাদি প্রদানের ক্ষেত্রে প্রতি বারের মতো শ্রমিক মালিক পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে এবং আলোচনার মাধ্যমে ঈদের ছুটির পূর্বেই বেতন ভাতাদি পরিশোধ করার জন্য বিকেএমইএ থেকে অনুরোধ জানাচ্ছি।
- ৩) পোশাক শিল্প-কারখানাগুলো বাংলাদেশ শ্রম আইন ও শ্রম বিধিমালা অনুসরণ করে পরিচালিত হয় বিধায়, সরকার বিভিন্ন ছুটি ঘোষণা করলেও তা শিল্প-কারখানার জন্য প্রযোজ্য নয়। বাংলাদেশ শ্রম আইন ও শ্রম বিধিমালা অনুযায়ী ছুটির বিষয়টি নির্ধারণ করার অনুরোধ জানাচ্ছি। সমন্বয় সাপেক্ষে প্রয়োজনে অতিরিক্ত ছুটি দেওয়া যেতে পারে।
- ৫) এছাড়াও ঈদের প্রাক্কালে নীট শিল্প কারখানায় অনাকাঙ্ক্ষিত ঘটনা এড়াতে বিকেএমইএ'র তিনটি কার্যালয়েই (নারায়ণগঞ্জ, ঢাকা ও চট্টগ্রাম) মনিটরিং সেল (কন্ট্রোল রুম) খোলা থাকবে। তাই, আপনার কারখানায় যে কোন ধরনের অসন্তোষ বা অনভিপ্রেত পরিস্থিতির সৃষ্টি হলে বা সৃষ্টি হওয়ার ইঙ্গিত পেলে তাৎক্ষণিক বিকেএমইএ কন্ট্রোল রুমের দায়িত্ব প্রাপ্ত নিম্নলিখিত ব্যক্তিদের নম্বরসমূহে যোগাযোগ করতে অনুরোধ জানাচ্ছি।

সার্বিক তত্ত্বাবধানে :

প্রধান কার্যালয় (নারায়ণগঞ্জ)ঃ রঞ্জন কুমার রায়- ০১৭১২-৫৯২০৮৯, মোহাম্মদ গিয়াস উদ্দিন- ০১৭১৬-২৬০০৮০,
ঢাকা অফিসঃ মার-আ-নুল ইসলাম সতিন- ০১৭১২-১৪৭৯৭৩,
চট্টগ্রাম অফিসঃ মোঃ আলতাফ উদ্দিন- ০১৫৫৪-৩৪৫০১১

ধন্যবাদান্তে

মোহাম্মদ হাতেম

সভাপতি

মোবাইলঃ- ০১৭১১-৫৩৩২২৮

Head Office : BKMEA Bhaban, Chasara, Narayanganj-1400, Bangladesh.

Phone : +880 2 224437646, E-mail : info@bkmea.com

Dhaka Office : Planners Tower (4th Floor), 13/A, Sonargaon Road, Banglamotor, Dhaka-1000, Bangladesh.

Phone : +880 2 223362257, E-mail : info@bkmea.com

Chattogram Office : S. Alam Center (3rd Floor) 58, Agrabad C/A, Chottogram, Bangladesh.

Phone : +88 02 333324342, +88 02 333324345, +02 333324726, E-mail : bkmeactg@bbs.net

Log on : www.bkmea.com